২৫

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ১৪.০৪.২০১৩
[কোড : করতোয়া]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. 'আব্দুল্লাহ' উপন্যাসের লেখকের নাম-**
ক. কাজী ইমদাদুল হক খ. মীর মোশাররফ হোসেন
গ. ইসমাইল হোসেন সিরাজী ঘ. মোজাম্মেল হক

উত্তর ✓ ক ব্যাখ্যা 'মোসলেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত আবদুল্লাহ (১৯৩৩) উপন্যাসটির লেখক কাজী ইমদাদুল হক। উপন্যাসটি চিত্রিত হয়েছে গ্রামীণ মুসলিম সমাজের পীরভক্তি, ধর্মীয় কুসংস্কার, পর্দাপ্রথা, আশরাফ-আতরাফ বৈষম্য, হীন স্বার্থপরতা, সম্প্রদায় বিদ্বেষ ইত্যাদির বিরুদ্ধে মানবতাবাদী প্রতিবাদ। তাঁর অন্যান্য গ্রন্থের মধ্যে আঁখিজল ও লতিকা, নবী কাহিনী অন্যতম।

**০২. 'সঞ্চিতা' কোন কবির কাব্যসংকলন?**
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. জসীমউদ্‌দীন ঘ. নজরুল ইসলাম

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় লেখক ও তাদের কাব্যগ্রন্থ :

| কাব্যগ্রন্থ | লেখক |
|---|---|
| কবি-কাহিনী, মানসী, সোনার তরী, পূরবী, পুনশ্চ, ক্ষণিকা ও শেষ লেখা। | রবীন্দ্রনাথ ঠাকুর |
| সবিতা, সন্ধিক্ষণ, বেণু ও বীণা, কুহ ও কেকা এবং হসন্তিকা। | সত্যেন্দ্রনাথ দত্ত |
| নকসী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট ও মা যে জননী কান্দে। | জসীমউদ্‌দীন |
| অগ্নি-বীণা, বিষের বাঁশি, সাম্যবাদী, ফণি-মণসা, ভাঙার গান, সর্বহারা, সঞ্চিতা। | কাজী নজরুল ইসলাম |

**০৩. 'বসন্তকুমারী' নাটক কার রচনা?**
ক. সঞ্জীব চন্দ্র চট্টোপাধ্যায় খ. মীর মশাররফ হোসেন
গ. সৈয়দ ওয়ালী উল্লাহ ঘ. শহীদুল্লা কায়সার

উত্তর ✓ খ ব্যাখ্যা একটি রাজ পরিবারের করুণ পরিণতির কাহিনি অবলম্বনে রচিত মীর মশাররফ হোসেনের নাটক 'বসন্তকুমারী।' জমীদার দর্পণ, বেহুলা গীতাভিনয় ও টালা অভিনয় তাঁর অন্যান্য নাটক।

**০৪. 'সুন্দর' শব্দটি কোন পদ?**
ক. বিশেষণ খ. ক্রিয়া বিশেষণ
গ. বিশেষ্য ঘ. সর্বনাম

উত্তর ✓ ক ব্যাখ্যা যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন : **সুন্দর** ফুল।

**০৫. নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাসের উদাহরণ?**
ক. বীণাপাণি খ. চৌরাস্তা
গ. বনস্পতি ঘ. সিংহাসন

উত্তর ✓ ক ব্যাখ্যা যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনোটির অর্থ না বুঝিয়ে এ দুয়ের সঙ্গে সংশ্লিষ্ট অন্য কোনো অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বীণা পাণিতে যার = বীণাপাণি। এখানে বীণা (বাদ্যযন্ত্র) এবং পাণি (হাত) কোনোটাই না বুঝিয়ে দেবী সরস্বতীকে বোঝানো হয়েছে।

**০৬. নিচের কোন শব্দটি রূপক কর্মধারয় সমাসের একটি উদাহরণ?**
ক. জলযান খ. মনমাঝি
গ. সিংহদ্বার ঘ. একাদশ

উত্তর ✓ খ ব্যাখ্যা উপমান (পরোক্ষ) ও উপমেয় (প্রত্যক্ষ) কে অভিন্ন কল্পনা করে এ দুয়ের মিলনে যে সমাস হয়, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। যেমন : মন রূপ মাঝি = মনমাঝি, প্রাণ রূপ পাখি = প্রাণপাখি, ক্রোধ রূপ অনল = ক্রোধানল ইত্যাদি।

**০৭. কোনটি শুদ্ধ বানান?**
ক. নিণিমেষ খ. পিনির্মেষ
গ. নির্নিমেষ ঘ. নির্নিমেশ

উত্তর ✓ গ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান : নির্নিমেষ, নির্ধূম, নির্নিমিখ, নির্বন্ধ, নির্বর্ণন, নির্বসন, নির্বাণ এবং নির্বাপণ।

**০৮. 'সৌম্য' এর বিপরীত শব্দ-**
ক. শান্ত খ. উদ্ধত
গ. কঠিন ঘ. উগ্র

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সমষ্টি | ব্যষ্টি | সুশীল | দুঃশীল |
| স্থাবর | জঙ্গম/অস্থাবর | সবাক | নির্বাক |

**০৯. নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ?**
ক. অবনী খ. সুধাকর
গ. সবিতা ঘ. কলানিধি

উত্তর ✓ গ ব্যাখ্যা 'সূর্য' এর প্রতিশব্দ : সবিতা, অর্ক, সুরজ, লোলার্ক, তমোহর, অহর্মণি ও আদিত্য।

**১০. কাননে কুসুম কলি সকলি ফুটিল। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?**
ক. কর্মে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. আপাদানে সপ্তমী ঘ. করণে শূন্য

উত্তর ✓ খ ব্যাখ্যা যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে ইত্যাদি নানা প্রশ্ন ক্রিয়াপদ ধরে করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন : পুকুরে মাছ আছে।

**১১. আলোয় আঁধার দূর হয়। 'আলোয়' শব্দটি কোন কারক?**
ক. অপাদান খ. করণ
গ. সম্প্রদান ঘ. অধিকরণ

উত্তর ✓ খ ব্যাখ্যা 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : **সোজা পথে** চলো না কেন?

**১২. 'চাক্ষুষ' এর বিপরীত শব্দ-**
ক. অদৃশ্য খ. নিরিবিলি
গ. নিভৃত ঘ. অগোচর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| চঞ্চল | অবিচল | চটুল | গম্ভীর |
| চিন্ময় | মৃন্ময়/অচেতন | চেতন | জড় |
| চড়াই | উৎরাই | চাক্ষুষ | পরোক্ষ |

**১৩. কোনটি শুদ্ধ বানান?**

ক. সরিসৃপ খ. সরীসৃপ
গ. শরীসৃপ ঘ. শরিসৃপ

উত্তর ✓ খ ব্যাখ্যা গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান : সরীসৃপ, সরস্বতী, সংবর্ধনা, সন্দিহান, সূচিপত্র, সন্ন্যাসী, সংবলিত।

**১৪. 'পটল তোলা' বাগ্‌ধারাটির ঠিক অর্থ কোনটি?**

ক. পটল গাছ হতে পটল তোলা খ. পরীক্ষায় ফেল করা
গ. মারা যাওয়া ঘ. পটল খাওয়া

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : তেল-নুন-লকড়ি (মৌলিক প্রয়োজন), তীর্থের কাক (প্রতীক্ষারত), ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তামার বিষ (অর্থের কুপ্রভাব), তাল পাতার সেপাই (ক্ষীণজীবী), তারে নাচন (দুরবস্থার একশেষ)।

**১৫. 'যাহা কষ্টে অর্জন করা যায়' তাকে এক কথায় বলে-**

ক. দুর্জয় খ. অদম্য
গ. কষ্টার্জিত ঘ. পরিশ্রমলব্ধ

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যাকে সহজে জয় করা যায় না = দুর্জয়; যা দমন করা যায় না = অদম্য; যা কষ্টে অর্জন করা যায় = কষ্টার্জিত; পরিশ্রমে অর্জিত = পরিশ্রমলব্ধ।

**১৬. 'Franchise' শব্দটির Synonym হচ্ছে-**

ক. Utility খ. Privilege
গ. French ঘ. Frankness

উত্তর ✓ খ ব্যাখ্যা Franchise অর্থ ভোটাধিকার, অধিকার, বিশেষ সুবিধা এবং এর সমার্থক শব্দ privilege অর্থ বিশেষ সুবিধা।

**১৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. Humourous খ. Humourious
গ. Humorous ঘ. Humorious

উত্তর ✓ গ ব্যাখ্যা Humorous শব্দের অর্থ রসাত্মক, কৌতুকপূর্ণ।

**১৮. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. A now cabinet has sworn in Dhaka
খ. A new cabinet has been sworn by in Dhaka
গ. A new cabinet has been sworn in Dhaka
ঘ. A new cabinet has been sworn in Dhaka উত্তর ঘ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ঘ) A new cabinet has been sworn in Dhaka. বাক্যটি শুদ্ধ। শপথ গ্রহণের ক্ষেত্রে swear in এবং বড় স্থানের পূর্বে in বসে।

**১৯. 'To read between the lines' অর্থ হচ্ছে-**

ক. To read carefully
খ. To read carefully to find out any bidden meaning
গ. To read only some lines
ঘ. To read quickly to save time

উত্তর ✓ খ ব্যাখ্যা 'To read between the lines' এর অর্থ হচ্ছে 'নিহিত অর্থ বোঝা' এবং To read carefully to find out any hidden meaning একই অর্থ নির্দেশ করে।

**২০. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Why you have done this?
খ. Why did you have done this?
গ. Why have you done this?
ঘ. Why you had done this?

উত্তর ✓ গ ব্যাখ্যা Grammar এর সাধারণ নিয়মানুসারে সঠিক উত্তর হবে অপশন (গ)। সাধারণ নিয়ম নিম্নরূপ: why + have/has + sub + মূল verb এর past participle।

**২১. 'Incredible' শব্দটির Synonym হচ্ছে-**

ক. Unbelieveable খ. Unthinkable
গ. Unlikely ঘ. Unthinking

উত্তর ✓ ক ব্যাখ্যা Incredible শব্দের অর্থ অবিশ্বাস্য। Unbelievable অর্থ অবিশ্বাস্য। সুতরাং, সঠিক synonym হচ্ছে অপশন (ক)।

**২২. Now-a-days many villages are lit—electricity বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. by খ. with
গ. from ঘ. on

উত্তর ✓ ক ব্যাখ্যা Lit by অর্থ আলোকিত করা। প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ক) by সঠিক। যেমন : Now-a-days many villages are lit by electricity.

**২৩. কোনটি শুদ্ধ বানান?**

ক. Mispell খ. Misspell
গ. Mispel ঘ. Mispel

উত্তর ✓ খ ব্যাখ্যা Misspell অর্থ ভুল বানান করা।

**২৪. 'Heart' শব্দটির adjective হচ্ছে-**

ক. Heart খ. Hearten
গ. Heartening ঘ. Heartful

উত্তর ✓ গ ব্যাখ্যা Heart(N) শব্দের অর্থ হৃদয় এবং এর adjective হচ্ছে Heartening। অর্থাৎ অপশন (গ) সঠিক।

**২৫. 'What is the time —— your watch' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. with খ. in
গ. at ঘ. by

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কোনো কিছুর দ্বারা বা মাধ্যমে সম্পন্ন হলে by বসে। সুতরাং (ঘ) by সঠিক উত্তর।

**২৬. I said, 'Do it.' বাক্যের indirect speech হবে।**

ক. I ordered to do it. খ. I said that it should done.
গ. I said to do it. ঘ. I said that let it be done.

উত্তর ✓ ক ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক indirect speech টি হচ্ছে অপশন (ক) I ordered to do it. Imperative sentence এ আদেশ বুঝাতে said এর পরিবর্তে order বসে এবং পরের verb এর পূর্বে to বসে।

**২৭. "Who will do the work?" বাক্যের passive form হচ্ছে-**

ক. Who will dome the work?
খ. By whom will the work be done?
গ. Who will be done the work?
ঘ. Whom will the work be done?

উত্তর ✓ খ ব্যাখ্যা passive form এর নিয়মানুসারে অপশন (খ) সঠিক। Who কে passive করার ক্ষেত্রে by whom বসে এবং tense অনুযায়ী সাহায্যকারী verb বসে।

**২৮. "Some children were helping the wounded man." বাক্যের Passive voice হচ্ছে-**

ক. The wounded man was helped by some children.
খ. The wounded man was helping some children.
গ. The wounded man was being helped by some chileren.
ঘ. The wounded man was to be helped by some children

উত্তর ✓ গ ব্যাখ্যা Passive voice এর নিয়মানুযায়ী সঠিক উত্তর হচ্ছে (গ)। প্রদত্ত বাক্যের ক্ষেত্রে, Passive voice এর নিয়ম: object কে sub + was/were being + মূল verb এর past participle + by + sub কে object হিসেবে ব্যবহার করতে হয়

**২৯. 'Bird's eye view' এর অর্থ হচ্ছে-**

ক. Eyes of birds খ. Eyes of a flock of birds
গ. A view of the sky ঘ. A rough idea

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Bird's eye view অর্থ ভাসা ভাসা দৃশ্য এবং A rough idea সমার্থক।

**৩০. কোনটি শুদ্ধ বানান?**

ক. Bureaucrat খ. Buroucrat
গ. Burocrat ঘ. Beaurocrat

উত্তর ✓ ক ব্যাখ্যা Bureaucrat অর্থ আমলা। অন্যান্য অপশনগুলো সঠিক নয়। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

**৩১. দুইটি সংখ্যার গুণফল ৩১৫। সংখ্যা দুটির ল.সা.গু ১০৫ হলে, গ.সা.গু কত?**

ক. ১৪ খ. ৩
গ. ১২ ঘ. ৬

উত্তর ✓ খ ব্যাখ্যা

আমরা জানি, সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু

$\therefore$ গ.সা.গু $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{৩১৫}{১০৫} = ৩$

**৩২. দুটি সংখ্যার বিয়োগফল ৩৭ এবং যোগফল বিয়োগফলের ১১ গুণ। সংখ্যা দুটি কত?**

ক. ২০,৫৭ খ. ১৯,৫৬
গ. ১৮৫, ২২২ ঘ. ১৭০,২০৭

উত্তর ✓ গ ব্যাখ্যা মনে করি, সংখ্যাদ্বয় x ও y

$\therefore x - y = ৩৭$ —— (i)

প্রশ্নমতে, $x + y = ১১ (x - y)$

$x + y = ১১ \times ৩৭ = ৪০৭$

$x + y = ৪০৭$ —— (ii)

(ii) + (i) করে পাই, $x + y = ৪০৭$

$x - y = ৩৭$

$2x = 888$

$\Rightarrow x = \frac{888}{২} = ২২২$

$x = ২২২$

(ii) নং হতে x এর মান বসিয়ে পাই, $২২২ + y = ৪০৭$


$২২২ + y = ৪০৭ \Rightarrow y = ৪০৭ - ২২২ = ১৮৫$

$\therefore$ সংখ্যা দু'টি ১৮৫,২২২

**৩৩. দুই সমকোণ থেকে বড়, কিন্তু চার সমকোণ থেকে ছোট, সে ধরনের কোণের নাম কি?**

ক. সূক্ষ্ম কোণ খ. স্থূল কোণ
গ. সম্পূরক কোণ ঘ. প্রবৃদ্ধ কোণ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা দুই সমকোণ অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ অপেক্ষা ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।




চিত্রে, $\angle AOB$ = প্রবৃদ্ধ কোণ।

**৩৪. ০.০০০১ এর বর্গমূল কত?**

ক. ০.১ খ. ০.০১
গ. ০.০০১ ঘ. ১

উত্তর ✓ খ ব্যাখ্যা

০.০০০১ | ০.১
১
০

**৩৫. ১২০ মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস একটি লাইট পোস্ট ৬ সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির গতিবেগ কিলোমিটার/ ঘন্টায় কত?**

ক. ৭২ খ. ৪৮
গ. ৩৬ ঘ. ৯৬

উত্তর ✓ ক ব্যাখ্যা ১ ঘন্টা = ৬০ × ৬০ = ৩৬০০ সেকেন্ড
১ কি.মি. = ১০০০ মি.

গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$

$= \frac{১২০ \times ৩৬০০}{৬} = ৭২০০০$ মিটার $= \frac{৭২০০০}{১০০০} = ৭২$ কি.মি.

**৩৬. চালের দাম ২৫% বৃদ্ধি পাওয়ায় এক ব্যক্তি চালের ব্যবহার এমনভাবে কমালেন যেন চালের খরচ অপরিবর্তিত থাকে। তিনি চালের ব্যবহার শতভাগ (শতকরা) কত কমালেন?**

ক. ১৬ খ. ১৮
গ. ২০ ঘ. ২৫

উত্তর ✓ গ ব্যাখ্যা খরচ কমাতে হবে,

$\left[\frac{r}{১০০ + r} \times ১০০\%\right]$ [বৃদ্ধি হলে (+) হবে r = ২৫%]

$= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০ = \frac{২৫}{১২৫} \times ১০০ = ২০\%$

**৩৭. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১:৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?**

ক. ১ : ২৭ খ. ১ : ৯
গ. ১ : ১২ ঘ. ১ : ১৮

উত্তর ✓ খ ব্যাখ্যা বৃত্তের ব্যাসার্ধ = r ; বৃত্তের ব্যাস = ২r

$\therefore$ ১ম বৃত্তের ব্যাস = ২r, $\therefore$ ব্যাসার্ধ = r

২য় " " = ৩ × ২r = ৬r, ব্যাসার্ধ $= \frac{৬r}{২} = ৩r$

$\therefore \frac{\text{১ম বৃত্তের ক্ষেত্রফল}}{\text{২য় বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{\pi r^2}{\pi (৩r)^2} = \frac{\pi r^2}{৯\pi r^2} = \frac{১}{৯}$

এদের অনুপাত = ১ ঃ ৯

**৩৮. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। তাতে সোনা ও তামা এর পরিমাণ ৩ : ১। কী পরিমাণ সোনা যোগ করলে সোনা ও তামা অনুপাত হবে ৪ : ১?**

ক. ৮ গ্রাম খ. ৬ গ্রাম
গ. ৫ গ্রাম ঘ. ৪ গ্রাম

উত্তর ✓ ঘ ব্যাখ্যা অনুপাতদ্বয়ের যোগফল (৩ + ১) = ৪

সোনার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{৩}{৪}\right) = ১২$ গ্রাম

তামার " $\left(১৬ \text{ এর } \frac{১}{৪}\right) = ৪$ গ্রাম

ধরি, x গ্রাম সোনা মেশাতে হবে

প্রশ্নমতে, $x + ১২ : ৪ = ৪ : ১ \Rightarrow \frac{x + ১২}{৪} = \frac{৪}{১}$

$\Rightarrow x + ১২ = ১৬ \Rightarrow x = ১৬ - ১২ \quad \therefore x = ৪$ গ্রাম।

**৩৯. পিতা ও ২ পুত্রের বয়সের গড় ৩০ বছর। দুই পুত্রের বয়সের গড় ২০ বছর। পিতার বয়স কত?**

ক. ২০ বছর খ. ৪০ বছর
গ. ৫০ বছর ঘ. ৬০ বছর

উত্তর ✓ গ ব্যাখ্যা

পিতা + ২ পুত্রের মোট বয়স (৩০ × ৩) = ৯০ বছর
২ " " " (২০ × ২০) = ৪০ বছর

পিতার বয়স = ৫০ বছর

$\therefore$ পিতার বয়স ৫০ বছর

**৪০. দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?**

ক. ২৪ দিনে খ. ২২ দিনে
গ. ২০ দিনে ঘ. ১৮ দিনে

উত্তর ✓ ক ব্যাখ্যা একাকী করলে,

$$\text{সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$$= \frac{১২ \times ৮}{১২ - ৮} \times (১)\ \text{সম্পূর্ণ}$$

$$= \frac{১২ \times ৮}{৪} \times ১ = ২৪\ \text{দিন}$$

**৪১. ৬০ জন লোক কোন কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কতদিনে সম্পন্ন করতে পারে?**

ক. ১৮ দিনে খ. ৩০ দিনে
গ. ৩৬ দিনে ঘ. ৯৮ দিনে

উত্তর ✓ খ ব্যাখ্যা

৬০ জন লোক কাজটি করতে পারে ১৮ দিনে

১ " " " " " $১৮ \times ৬০$ "

৩৬ " " " " " $\frac{১৮ \times ৬০}{৩৬}$ "

$= ৩০$ দিনে

**৪২. $a = 2, b = 3$ হলে, $2a + 4b$ এর সাথে $2a^2 + a - b$ যোগ করলে যোগফল কত হবে?**

ক. 15 খ. 17
গ. 19 ঘ. 23

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $2a + 4b + 2a^2 + a - b$

$= 3a + 3b + 2a^2$

$= 3.2 + 3.3 + 2.2^2$ $[a = 2, b = 3]$

$= 6 + 9 + 8 = 23.$

**৪৩. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হয়, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?**

ক. ৭২ টাকা খ. ৬২ টাকা
গ. ৬০ টাকা ঘ. ৭৫ টাকা

উত্তর ✓ ক ব্যাখ্যা ৩৬ টাকায় ক্রয় করে ১২টি কলা

১ " " " $\frac{১২}{৩৬}$ " "

১০০ " " " $\frac{১২ \times ১০০}{৩৬}$ " "

$= \frac{১০০}{৩}$ টি কলা

২০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২০) = ১২০ টাকা

$\frac{১০০}{৩}$ টি কলার বিক্রয়মূল্য ১২০ টাকা

∴১ " " " $\frac{১২ \times ৩}{১০০}$ "

∴২০ " " " $\frac{১২ \times ৩ \times ২০}{১০০}$ "

$= ৭২$ টাকা

**৪৪. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সে.মি হলে, তার অতিভুজের মান কত?**

ক. ৭ সেমি খ. ৫ সেমি
গ. ৬ সেমি ঘ. ৮ সেমি

উত্তর ✓ খ ব্যাখ্যা

পীথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,


$(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$

$\Rightarrow (\text{অতিভুজ})^2 = 4^2 + ৩^2$

$= ১৬ + ৯$

$\Rightarrow \text{অতিভুজ} = \sqrt{২৫} = ৫$

∴ অতিভুজ = ৫ সে.মি.




**৪৫. কোন পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে মোট ফেলের সংখ্যা ৭৫ হলে, পরীক্ষার্থীর সংখ্যা কত?**

ক. ৭৭৫ জন খ. ৬৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৩৭৫ জন

উত্তর ✓ গ ব্যাখ্যা

মোট পরীক্ষার্থী ১০০ জন হলে ফেল করে (১০০ − ৮৫) = ১৫ জন

১৫ জন ইংরেজিতে ফেল করলে মোট পরীক্ষার্থী ১০০ জন

১ " " " " " " $\frac{১০০}{১৫}$ "

৭৫ " " " " " " $\frac{১০০ \times ৭৫}{১৫}$ "

$= ৫০০$ জন

**৪৬. বাংলাদেশের উপর দিয়ে যে ভৌগোলিক কাল্পনিক রেখা গেছে তার নাম কী?**

ক. কর্কট রেখা খ. মকর রেখা
গ. বিষুব রেখা ঘ. দ্রাঘিমা রেখা

উত্তর ✓ ক ব্যাখ্যা নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে। এই রেখা বাংলাদেশের প্রায় মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে।

**৪৭. সুন্দরবনের পশ্চিমে কোন নদী অবস্থিত?**

ক. মাতামুহুরী খ. রায়মঙ্গল
গ. পশুর ঘ. বলেশ্বর

উত্তর ✓ খ ব্যাখ্যা সুন্দরবনের পশ্চিমে রায়মঙ্গল নদী অবস্থিত যা সাতক্ষীরা জেলার অন্তর্গত। পূর্বে রয়েছে বলেশ্বর নদী যা পটুয়াখালী জেলায় অবস্থিত এবং দক্ষিণে বঙ্গোপসাগর।

**৪৮. মহানন্দা কোন নদীর উপনদী?**

ক. মেঘনা খ. যমুনা
গ. কর্ণফুলী ঘ. পদ্মা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা নদীর চলার পথে ছোট ছোট অন্যান্য নদী বা জলধারা এসে মিলিত হয় তখন ছোট নদী বা জলধারাকে উপনদী বলে। মহানন্দা পদ্মার উপনদী । মহানন্দা রাজশাহীর গোদাগাড়ীতে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে।

**৪৯. যমুনা নদী কোথায় পতিত হয়েছে?**

ক. পদ্মা খ. মেঘনা
গ. ব্রহ্মপুত্র ঘ. বঙ্গোপসাগর

উত্তর ✓ ক ব্যাখ্যা যমুনা নদী রাজবাড়ী জেলার গোয়ালন্দের দৌলতদিয়ায় পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। এই মিলিত ধারা মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**৫০. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বিহার কোনটি?**

ক. শালবন বিহার খ. আনন্দ বিহার
গ. সোমপুর বিহার ঘ. সীতাকোট বিহার

উত্তর ঘ ব্যাখ্যা বাংলাদেশের প্রাচীনতম বৌদ্ধ বিহার সীতাকোট বিহার। বিহারটি দিনাজপুর জেলার নবাবগঞ্জে অবস্থিত। খ্রিষ্টীয় ৫ম বা ৬ষ্ঠ শতকে সীতাকোট বিহার নির্মিত হয়েছে।

**৫১. ষাটগম্বুজ মসজিদটির নির্মাতা কে?**

ক. ইসলাম খান খ. ঈসা খাঁ
গ. শায়েস্তা খান ঘ. যুবরাজ মোহাম্মদ আযম

উত্তর = ব্যাখ্যা সঠিক উত্তর নেই। ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট জেলায় অবস্থিত। প্রাক- মুঘল আমলে পঞ্চদশ শতাব্দীতে পীর খান জাহান আলী (র) মসজিদটি নির্মাণ করেন। ষাট গম্বুজ মসজিদে মোট ৮১ টি গম্বুজ রয়েছে। ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাত গম্বুজ মসজিদটি ১৬৮০ সালে মুঘল সুবাদার শায়েস্তা খাঁর আমলে তার পুত্র উমিদ খাঁ নির্মাণ করেন।

**৫২. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?**

ক. করতোয়া খ. মহানন্দা
গ. গঙ্গা ঘ. পদ্মা

উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুণ্ড্র। এই জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর যা বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত। মহাস্থানগড় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত।

**৫৩. বাংলাদেশ কত সালে কমনওয়েলথ-এর সদস্য পদ লাভ করে?**

ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫

উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক সংস্থা হিসেবে কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে। বাংলাদেশ ১৮ এপ্রিল ১৯৭২ সালে কমনওয়েলথ এর ৩২তম সদস্য হিসেবে যোগদান করে।

**৫৪. জাপান পার্লহারবার আক্রমণ করে-**

ক. ৭ ডিসেম্বর ১৯৩৯ খ. ৭ ডিসেম্বর ১৯৪০
গ. ৭ ডিসেম্বর ১৯৪১ ঘ. ৭ ডিসেম্বর ১৯৪২

উত্তর গ ব্যাখ্যা পার্ল হারবার প্রশান্ত মহাসাগরে অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের একটি দ্বীপ। এখানে যুক্তরাষ্ট্রের নৌ ও বিমান ঘাঁটি রয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ৭ ডিসেম্বর ১৯৪১ সালে জাপান পার্ল হারবার আক্রমণ করে। এর ফলে যুক্তরাষ্ট্র ৮ ডিসেম্বর ১৯৪১ সালে সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধ অংশগ্রহণ করে।

**৫৫. নিচের কোনটি ভাইরাসজনিত রোগ নয়?**

ক. হাম খ. ডিপথেরিয়া
গ. এইডস ঘ. জন্ডিস (হেপাটাইটিস)

উত্তর খ ব্যাখ্যা ভাইরাস হলো নিউক্লিক ও প্রোটিন সমন্বয়ে গঠিত এক প্রকার অতি আণুবীক্ষণিক অকোষীয় সত্ত্বা। ভাইরাস মানুষের ইনফ্লুয়েঞ্জা, পোলিও, হাম, বসন্ত, ডেঙ্গু, জলাতঙ্ক, এইডস প্রভৃতি রোগ সৃষ্টি করে। ডিপথেরিয়া ব্যাকটেরিয়াজনিত রোগ।

**৫৬. বিলিরুবিন তৈরি হয়-**

ক. কিডনীতে খ. পিত্তথলিতে
গ. প্লিহায় ঘ. যকৃতে

উত্তর ঘ ব্যাখ্যা বিলিরুবিন হচ্ছে পিত্তরসের কমলা রঙের প্রধান রঞ্জক পদার্থ। এটি তৈরি হয় শরীরের যকৃত বা লিভারে। শরীরে বিলিরুবিনের পরিমাণ বেড়ে গেলে চামড়া ও চোখ হলুদ দেখায়।

**৫৭. ব্যাঙের হৃৎপিণ্ডের কয়টি প্রকোষ্ঠ থাকে?**

ক. একটি খ. দুইটি
গ. তিনটি ঘ. চারটি

উত্তর গ ব্যাখ্যা ব্যাঙের হৃদপিন্ডের প্রকোষ্ঠ তিনটি। দু'টি অলিন্দ ও একটি নিলয়।

**৫৮. মানুষের ক্রোমোজমের সংখ্যা কত?**

ক. ২০ জোড়া খ. ২১ জোড়া
গ. ২২ জোড়া ঘ. ২৩ জোড়া

উত্তর ঘ ব্যাখ্যা কোষ বিভাজন কালে ক্রোমাটিন তন্তু থেকে সৃষ্ট, নিউক্লিক এসিড ও প্রোটিন দিয়ে গঠিত, স্ব প্রজননশীল, সূত্রাকারে যে বস্তু জীবের বংশগতির বৈশিষ্ট্যগুলো পরিবহণ করে তাকে ক্রোমজোম বলে। মানুষের ক্রোমোজোমের সংখ্যা ২৩ জোড়া।

**৫৯. ভূ-ত্বকে কোন উপাদান সবচেয়ে কম থাকে?**

ক. সোডিয়াম খ. অ্যালুমিনিয়াম
গ. ক্যালসিয়াম ঘ. লোহা

উত্তর ক ব্যাখ্যা অশ্মমণ্ডলের উপরিভাগে অবস্থিত শিলার যে কঠিন বহিরাবরণ দেখা দেয় তাকে ভূ-ত্বক বলে। ভূ-ত্বক গঠনকারী উপাদানগুলো অক্সিজেন (৪২.৭%), সিলিকন (২৭.৭%), অ্যালুমিনিয়াম (৮.১%), লৌহ (৫.১%), ক্যালসিয়াম (৩.৭%), সোডিয়াম (২.৮%) ইত্যাদি।

**৬০. কোনটি খর পানিতে উত্তম ফেনা দেয়?**

ক. টয়লেট সাবান খ. ডিটারজেন্ট
গ. লন্ড্রিসাবান ঘ. তরল সাবান

উত্তর খ ব্যাখ্যা ডিটারজেন্ট এক শ্রেণীর পরিষ্কারক যা সিনথেটিক পদার্থ থেকে প্রস্তুত করা হয়। এটি খর পানিতে উত্তম ফেনা দেয়।

**৬১. কোন রঙের আলোর বিচ্যুতি সবচেয়ে কম?**

ক. লাল খ. বেগুনি
গ. নীল ঘ. হলুদ

উত্তর ক ব্যাখ্যা যে আলোর তরঙ্গদৈর্ঘ্য কম, তার বিচ্যুতি বেশি হয়। যার তরঙ্গদৈর্ঘ্য বেশি, তার বিচ্যুতি কম। লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি, তাই সেই আলোর বিচ্যুতি কম।

**৬২. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?**

ক. ০° সেন্টিগ্রেড খ. ৪° সে. গ্রে
গ. ৬° সে.গ্রে ঘ. ৮° সে.গ্রে

উত্তর খ ব্যাখ্যা ৪°C তাপমাত্রা পানির ব্যতিক্রমী প্রসারণ। এই তাপমাত্রায় পানির ঘনত্ব বেশি হয়।

**৬৩. কোনটি একবীজপত্রী উদ্ভিদ নয়?**

ক. ভুট্টা খ. নারিকেল
গ. গম ঘ. কাঁঠাল

উত্তর ঘ ব্যাখ্যা যে সকল উদ্ভিদের ফলে একটিমাত্র বীজপত্র থাকে তাদের একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন: ধান, গম, তাল, সুপারি ইত্যাদি।

**৬৪. টেস্ট ক্রিকেটের সদস্য হিসেবে বাংলাদেশের অবস্থান কী?**

ক. সপ্তম খ. অষ্টম
গ. নবম ঘ. দশম

উত্তর ঘ ব্যাখ্যা বাংলাদেশ দশম সদস্য হিসেবে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিপক্ষে ১০-১৪ নভেম্বর ২০০০ সালে ঢাকায়। বাংলাদেশ নিজস্ব ৩৫ তম টেস্টে প্রথম জয় পায় ২০০৫ সালে জিম্বাবুয়ের বিপক্ষে।

**৬৫. কত বছর পর পর বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়?**

ক. ৩ বছর খ. ৪ বছর
গ. ৫ বছর ঘ. ৬ বছর

উত্তর✓ খ ব্যাখ্যা বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সালে। বিশ্বকাপ ফুটবল ৪ বছর পরপর অনুষ্ঠিত হয়। ২০তম বিশ্বকাপ ২০১৪ সালে অনুষ্ঠিত হয় ব্রাজিলে। ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় রাশিয়ায় ২০১৮ সালে।

**৬৬. বিশ্বকাপ ফুটবলে ৪ (চার) বার চ্যাম্পিয়ন হয়েছে-**

ক. জার্মানি খ. ইতালি
গ. আর্জেন্টিনা ঘ. ব্রাজিল

উত্তর✓ ক,খ ব্যাখ্যা বিশ্বকাপ ফুটবলে ব্রাজিল সর্বাধিক ৫ (পাঁচ) বার চ্যাম্পিয়ন হয়েছে। জার্মানি ও ইতালি চ্যাম্পিয়ন হয়েছে ৪ (চার) বার করে। ফ্রান্স, আর্জেন্টিনা ও উরুগুয়ে ২ (দুই) বার করে চ্যাম্পিয়ন হয়। এছাড়া ইংল্যান্ড ও স্পেন একবার করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।

**৬৭. কলম্বিয়া দেশটি কোন মহাদেশে অবস্থিত?**

ক. উত্তর আমেরিকা খ. দক্ষিণ আমেরিকা
গ. ইউরোপ ঘ. আফ্রিকা

উত্তর✓ খ ব্যাখ্যা কলম্বিয়া দক্ষিণ আমেরিকা মহাদেশের একটি দেশ। কলম্বিয়ার রাজধানী বোগোতা, ভাষা স্প্যানিশ, মুদ্রা পেসো। কলম্বাসের নামানুসারে দেশটির নামকরণ করা হয়েছে।

**৬৮. বাংলাদেশে প্রথম উপজেলা নির্বাচন হয় কোন সালে?**

ক. ১৯৮৩ খ. ১৯৮৪
গ. ১৯৮৫ ঘ. ১৯৮৬

উত্তর✓ গ ব্যাখ্যা থানার পরিবর্তে উপজেলা নামকরণ করা হয় ১৪ মার্চ ১৯৮৩ সালে। উপজেলা পরিষদ বাতিল ঘোষণা করা হয় ২৩ নভেম্বর ১৯৯১ সালে। পরবর্তীতে উপজেলা ব্যবস্থা পুনঃপ্রবর্তন করা হয় ৩ ডিসেম্বর ১৯৯৮ সালে। উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে মোট ৪(চার) বার । প্রথম উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয় ১৬-২০ মে ১৯৮৫ সালে। সর্বশেষ বা চতুর্থ উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৪ সালে।

**৬৯. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?**

ক. ফেনী নদী খ. সাঙ্গু নদী
গ. কর্ণফুলি নদী ঘ. নাফ নদী

উত্তর✓ খ ব্যাখ্যা

| নদীর নাম | উৎপত্তি স্থল |
|---|---|
| ফেনী নদী | খাগড়াছড়ি পার্বত্য এলাকা |
| সাঙ্গু নদী | বাংলাদেশ- মিয়ানমার সীমানার আরাকান পর্বত |
| কর্ণফুলী নদী | ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় |
| নাফ নদী | মিয়ানমারের আরাকান পাহাড় |

**৭০. কোনটি স্তন্যপায়ী প্রাণী নয়?**

ক. কুমির খ. তিমি
গ. হাতি ঘ. বাদুড় উত্তর ক

**৭১. প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয়েছিল-**

ক. সিউলে খ. নয়াদিল্লীতে
গ. ম্যানিলায় ঘ. কুয়ালালামপুরে

উত্তর✓ খ ব্যাখ্যা প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ১৯৫১ সালে ভারতের নয়াদিল্লীতে। ১৭তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ২০১৪ সালে দক্ষিণ কোরিয়ার ইনচিয়নে। ১৮তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হবে ২০১৮ সালে ইন্দোনেশিয়ার জাকার্তা ও পালেম্বাং এ।

**৭২. মঙ্গলগ্রহে প্রেরিত নভোযান কোনটি?**

ক. সয়ুজ খ. এপোলো
গ. ভয়েজার ঘ. ভাইকিং উত্তর ঘ

**৭৩. টিউমার সংক্রান্ত চর্চাকে বলে-**

ক. টিউমারোলজি খ. অনকোলজি
গ. সাইটোলজি ঘ. একোলজি

উত্তর✓ খ ব্যাখ্যা অনকোলজি হল টিউমার বিষয়ক গবেষণা ও চিকিৎসা বিষয়ক চর্চা।

**৭৪. ব্যাঙের ছাতা কোন শ্রেণির উদ্ভিদ?**

ক. ব্যাকটেরিয়া খ. শৈবাল
গ. ছত্রাক ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা মাশরুম বা ব্যাঙের ছাতা যা Fungus বা ছত্রাক নামে পরিচিত।

**৭৫. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?**

ক. অ্যালুমিনিয়াম খ. তামা
গ. দস্তা ঘ. পারদ

উত্তর✓ ক ব্যাখ্যা উপরিউক্ত উত্তরগুলোর মধ্যে অ্যালুমিনিয়াম ভূ-পৃষ্ঠে বেশি পাওয়া যায়। ভূ-ত্বকের প্রায় ৮.১% হচ্ছে অ্যালুমিনিয়াম।

**৭৬. সিরডাপ (CIRDAP)-এর সদর দপ্তর কোথায়?**

ক. দিল্লি খ. ইসলামাবাদ
গ. ঢাকা ঘ. পোল্যান্ড

উত্তর✓ গ ব্যাখ্যা CIRDAP এর পূর্ণরূপ Centre on Integrated Rural Development for Asia and the Pacific. সিরডাপ গঠিত হয় ৬ জুলাই ১৯৭৯ সালে। এর বর্তমান সদস্য সংখ্যা ১৫ টি। সিরডাপ এর সদর দপ্তর ঢাকায়, সুপ্রিম কোর্টের সম্মুখে চামেলী হাউজে।

**৭৭. বৈদ্যুতিক ক্ষমতার একক-**

ক. জুল খ. ওয়াট
গ. নিউটন ঘ. ক্যালরি উত্তর খ

**৭৮. বাংলাদেশে দীর্ঘতম গাছের নাম কী?**

ক. বৈলাম খ. অর্জুন
গ. মেহগনি ঘ. ইউক্যালিপটাস

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের দীর্ঘতম গাছের নাম বৈলাম। ২৪০ ফুটের চেয়েও বেশি উঁচু হওয়া এই গাছ চিরহরিৎ বনাঞ্চলে বেশি দেখা যায়। বন গবেষণা ইনস্টিটিউটের দেওয়া তথ্য মতে বর্তমানে দেশে মাত্র ২৪ টি বৈলাম বৃক্ষ রয়েছে। গাছগুলো রয়েছে বান্দরবানের রুমা উপজেলা এবং কক্সবাজারের ডুলাহাজরায়।

**৭৯. কোনটি ভূকম্পন পরিমাপের যন্ত্র?**

ক. হাইড্রোফোন খ. আইসোফোন
গ. ডিকটোফোন ঘ. সিসমোগ্রাফ

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রাকৃতিক কারণে ভূ-পৃষ্ঠের উপরিভাগ যদি আকস্মিক এবং ক্ষণস্থায়ী ভিত্তিতে প্রবলভাবে আলোড়িত বা আন্দোলিত হয়, তাকে ভূমিকম্প বলে। ভূ-কম্পন মাপার যন্ত্র হচ্ছে সিসমোগ্রাফ।

**৮০. বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?**

ক. কেওক্রাডং খ. লুসাই
গ. আরাকান ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিংডং' এর অপর নাম বিজয়। তাজিংডং বান্দরবানের রুমায় অবস্থিত। এই পর্বতের উচ্চতা ১২৩১ মিটার বা ৪০৩৯ ফুট। দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কেওক্রাডং বান্দরবানের রুমায় অবস্থিত। কেওক্রাডং এর উচ্চতা ১২৩০ মিটার বা ৪০৩৫ ফুট।